



গতকাল রাজধানীর একটি হোটেলে 'পাবলিশার্স ই-প্ল্যাটফর্ম'-এর আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। উদ্বোধনী অনুষ্ঠানে অধ্যাপক মুনতাসীর মামুন, শিশুসাহিত্যিক আমীরুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।  
ছবি : কালের কণ্ঠ

## পাবলিশার্স ই-প্ল্যাটফর্মের যাত্রা শুরু

নিজস্ব প্রতিবেদক >

দেশের লেখক, প্রকাশক ও সৃজনশীল বইয়ের তথ্যসংবলিত ডিজিটাল 'পাবলিশার্স ই-প্ল্যাটফর্মের' যাত্রা শুরু হয়েছে। তিনটি ওয়েবসাইটের সমন্বয়ে করা হয়েছে এই প্ল্যাটফর্ম। এর মধ্যে publishers.com.bd ওয়েবসাইটে প্রকাশক, authors.com.bd ওয়েবসাইটে লেখক এবং books.com.bd ওয়েবসাইটে বইয়ের তথ্য জানা যাবে। এটি আর্কাইভ হিসেবেও কাজ করবে।

'সময় প্রকাশন'-এর তত্ত্বাবধানে তিনটি ওয়েবসাইট নিয়ে ই-প্ল্যাটফর্মটি তৈরি হয়েছে। যৌথভাবে এর পরিচালনা এবং ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবে ঢাকাভিত্তিক ইন্টারনেট প্রতিষ্ঠান 'সময় নেট' ও যুক্তরাষ্ট্রভিত্তিক ইন্টারনেট প্রতিষ্ঠান 'আলফা নেট'।

আয়োজকরা জানান, দেশের দেড় শতাধিক প্রকাশক, দুই হাজার লেখক এবং আড়াই হাজার বইয়ের বিবরণ ওয়েবসাইটগুলোতে আপলোড করা হয়েছে। লেখকদের পরিচিতি, প্রকাশনা প্রতিষ্ঠানের পরিচিতি এবং প্রকাশিত বইয়ের তালিকার সঙ্গে বইয়ের প্রচ্ছদের ছবি ও বই পরিচিতিও থাকবে ওয়েবসাইটগুলোতে।

গতকাল শনিবার রাজধানীর একটি হোটেলে 'পাবলিশার্স ই-প্ল্যাটফর্ম'র আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়।

অনুষ্ঠানে ই-প্ল্যাটফর্মের তথ্য তুলে ধরে বক্তৃতা করেন এর সমন্বয়ক ও 'সময় প্রকাশন'র প্রধান নির্বাহী ফরিদ আহমেদ। এ সময় অধ্যাপক মুনতাসীর মামুন, শিশুসাহিত্যিক আমীরুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।